

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৪৮

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৫. দিতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَجُلُ: هُمُومٌ لَزِمَتْنِي وَدُيُونٌ يَا رَسُولَ اللَّهِ قَالَ: «أَفَلَا أُعلِّمُكَ كَلَامًا إِذَا قُلْتُهُ أَذْهَبَ اللَّهُ هَمَّكَ وَقَضَى عَنْكَ دَيْنَكَ؟» قَالَ: قُلْتُ: بَلَى قَالَ: قُلْ إِذَا أُعلِّمُكَ كَلَامًا إِذَا قُلْتُ: بَلَى قَالَ: قُلْ إِذَا أَعلَبُمُكَ كَلَامًا إِذَا أَمْسَيْتَ: اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحُزْنِ وَأَعُوذُ بِكَ مِنْ غَلَبَةِ الدَّيْنِ وَقَهْرِ الرِّجَالِ. قَالَ: فَفعلت ذَلِكَ فَأَذْهب الله همي وقضى عَن ديني. رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

২৪৪৮-[৩৩] আবূ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন জনৈক ব্যক্তি এসে বললো, হে আল্লাহর রসূল! আমি বড় দুশ্চিন্তায় আছি, আমার ঘাড়ে ঋণ চেপে আছে। (এ কথা শুনে) তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমি কি তোমাকে এমন একটি কালাম (বাক্য) বলে দেবো না, যা পড়লে আল্লাহ তোমার চিন্তা দূর করবেন ও ঋণ পরিশোধ করবেন। সে বললো, হাাঁ, নিশ্চয়ই বলুন, হে আল্লাহর রসূল! তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি সকাল-সন্ধ্যায় পড়বে,

''আল্ল-হুম্মা ইন্নী আ'উযুবিকা মিনাল হাম্মি, ওয়াল হুযনি, ওয়া আ'উযুবিকা মিনাল 'আজিযি, ওয়াল কাসালি ওয়া আ'উযুবিকা মিনাল বুখলি, ওয়াল জুবনি, ওয়া আ'উযুবিকা মিন্ গলাবাতিদ্ দায়নি ওয়া কহরির রিজা-ল''

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে দুশ্চিন্তা হতে মুক্তি চাই। আশ্রয় চাই অপারগতা ও অলসতা এবং কৃপণতা ও কাপুরুষতা হতে এবং ঋণের বোঝা ও মানুষের কঠোরতা হতে।)।

সে বললো, পরিশেষে আমি তা-ই করলাম। আর আল্লাহ আমার দুশ্ভিতা মুক্ত করে দিলেনে এবং ঋণও পরিশোধি করে দিলেনে। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৫৫৫, আদ্ দা'ওয়াতুল কাবীর ৩০৫, য'ঈফ আত্ তারগীব ১১৪১। কারণ এর সানাদে গসসান ইবনু 'আওফ একজন দুর্বল রাবী।



#### ব্যাখ্যা

ব্যাখ্যা: আবূ সা'ঈদ (রাঃ) বলেনঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন একদিন মসজিদে প্রবেশ করলেন, দেখলেন আনসারী একজন লোক, যাকে আবূ উমামাহ্ বলা হত। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে আবূ উমামাহ্! তোমার কি হয়েছে যে, আমি তোমাকে অসময়ে মসজিদে দেখতে পাচ্ছি? তিনি বললেনঃ চিন্তা এবং ঋণ আমায় বাধ্য করছে। অর্থাৎ- অসময়ে মসজিদে আমার বসে থাকার কারণ হলো চিন্তা এবং ঋণ। সুতরাং আমি আমার প্রতিপালকের কাছে তারই ঘরে বসে মুক্তি চাই। এটা স্পষ্ট যে, নিশ্চয় হাদীসটি আবূ উমামার বর্ণনা এবং তার অনুরূপ কথা। তিনি বলেন, আমি তাই করলাম। অর্থাৎ- রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা মতো এ দু'আ পড়লাম। অতঃপর আল্লাহ তা'আলা আমাকে চিন্তা মুক্ত করলেন এবং আমার ঋণ পরিশোধের ব্যবস্থা করলেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন